

## শুমারি সর্বোচ্চ অগ্রাধিকার

জনশুমারিতে তথ্য দিন  
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস)  
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প  
আন্তঃসমষ্ট ও যোগাযোগ টিম  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
Website: [www.sid.gov.bd](http://www.sid.gov.bd)



স্মারক নং-৫২.০১.০০০০.৮০৯.৮৭.২৯৩.২২-৫৭৬৭

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯  
০১ জুন ২০২২

বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবযনাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' সফলভাবে সম্পাদনের নিমিত্ত সহযোগিতা প্রদান সংক্রান্ত।

সূত্র: ১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.৮০৯.৮৭.২৯৩.২২-৫৭৬২ তারিখ: ২৬ মে ২০২২ খ্রি।  
২) কান্তি ডি঱েক্টর, ওয়ার এইড স্বাক্ষরিত গত ২৬ মে ২০২২ তারিখে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে। এ লক্ষ্যে ইতোমধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সফল বাস্তবায়নে সরকারের মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণের পাশাপাশি বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন (এনজিও), আইএনজিও, ব্যবসায়িক সংগঠন, সিভিল সোইটি অর্গানাইজেশন, গবেষণা সংস্থা প্রতিতির কর্মীগণকেও এ জনশুমারিতে সম্পৃক্ত করা হয়েছে।

০২। দেশব্যাপী একযোগে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রমে ওয়ার্টার এইড বাংলাদেশসহ এর আওতাধীন সকল নেটওয়ার্ক/ জোটভুক্ত সংগঠনের শুমারিতে সক্রিয় অংশগ্রহণের আগ্রহ ও সর্বাঙ্গীক সহযোগিতা এ কার্যক্রমের গতি আরো বেগবান ও সহজতর করবে। আপনার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসহ এর আওতাধীন সকল নেটওয়ার্ক/ জোটভুক্ত সংগঠনের কর্মীগণকে জনশুমারিতে সক্রিয় অংশগ্রহণসহ দেশের জনসাধারণকে সঠিক তথ্য প্রদানে উদ্বৃদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে বিবিএস কর্তৃপক্ষ তথ্য সর্ব মহলে প্রশংসিত হবে।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা ২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত মাঠ পর্যায়ে নিয়োজিত শুমারিকর্মীকে তথ্য প্রদানসহ সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে আপনার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসহ সকল নেটওয়ার্ক/ জোটভুক্ত সংগঠনের প্রধান এবং সহযোগী প্রতিষ্ঠানসমূহের দপ্তর প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মিসেস হাসিন জাহান

কান্তি ডি঱েক্টর

ওয়ার এইড বাংলাদেশ

হাউস নং: ৯৭/বি, রোড নং: ২৫ ব্লক: এ

বনানী, ঢাকা-১২১৩।

মোঃ রফিকুল ইসলাম  
যুগ্মপরিচালক ও  
টিম লিডার  
টেলিফোন: ০২-৫৫০০৭০৮৭  
ইমেইল: rafiqbbs25@gmail.com

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা প্রকল্প, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

০৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।